# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৭০৭

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ، حَدَّثَنَا أَبِي، عَنِ ابْنِ إِسْحَاقَ، حَدَّثَنِي يَحْيَى بْنُ عَبَّادِ بْنِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، قَالَ: وَاللهِ إِنَّا لَمَعَ عُثْمَانَ بْنِ عَفَّانَ بِالْجُحْفَةِ، وَمَعَهُ رَهْطٌ مِنْ أَهْلِ الشَّامِ فِيهِمْ حَبِيبُ بْنُ مَسْلَمَةَ الْفِهْرِيُّ، إِذْ قَالَ عُثْمَانُ ـ وَذُكِرَ لَهُ التَّمَتُّعُ بِالْعُمْرَةِ إِلَى الْحَجِّ ـ: إِنَّ أَتَمَّ لِلْحَجِّ وَالْعُمْرَةِ أَنْ لَا يَكُونَا فِي أَشْهُرِ الْحَجِّ، فَلَوْ أَخَّرْتُمْ هَذِهِ الْعُمْرَةَ حَتَّى تَزُورُوا هَذَا الْبَيْتَ زَوْرَتَيْنِ كَانَ أَفْضَلَ، فَإِنَّ اللهَ تَعَالَى قَدْ وَسَّعَ فِي الْخَيْرِ، وَعَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ بِبَطْنِ الْوَادِي يَعْلِفُ بَعِيرًا لَهُ، قَالَ: فَبَلَغَهُ الَّذِي قَالَ عُثْمَانُ، فَأَقْبَلَ حَتَّى وَقَفَ عَلَى عُثْمَانَ، فَقَالَ: " أَعَمَدْتَ إِلَى سُنَّةٍ سَنَّهَا رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَرُخْصَةٍ رَخَّصَ اللهُ تَعَالَى بِهَا لِلْعِبَادِ فِي كِتَابِهِ، تُضَيِّقُ عَلَيْهِمْ فِيهَا، وَتَنْهَى عَنْهَا، وَقَدْ كَانَتْ لِذِي الْحَاجَةِ وَلِنَائِي الدَّارِ، ثُمَّ أَهَلَّ بِحَجَّةٍ وَعُمْرَةٍ مَعًا " فَأَقْبَلَ عُثْمَانُ عَلَى النَّاسِ فَقَالَ: " وَهَلْ نَهَيْتُ عَنْهَا؟ إِنِّي لَمْ أَنْهَ عَنْهَا، إِنَّمَا كَانَ رَأْيًا أَشَرْتُ بِهِ، فَمَنْ شَاءَ أَخَذَ بِهِ وَمَنْ شَاءَ تَرَكَهُ

إسناده حسن، محمد بن إسحاق صرح بالتحديث فانتفت شبهة تدليسه، وهو صدوق، وباقي رجاله ثقات رجال الشيخين غير يحيى بن عباد فقد روى له إصحاب السنن، وهو ثقة
وأخرجه بنحوه البزار (473) قال: وجدتُ في كتابي عن محمد بن منصور الطوسي (وقع فيه: محمد بن إبي منصور الطوسي، والصواب ما إثبتنا) قال: حدثنا يعقوب بن إبراهيم، بهذا الإسناد. ولفظه: شهدت عثمان وعلياً، فكان عثمان ينهى عن العمرة وأن يجمع بينها وبين الحج، قال: وعلي يهل بهما جميعاً، قال: فالتقيا، فقال له عثمان: ما تُريد إلا خلافي، قال: ما أريدُ خِلافك، ولكن لا أدَع شيئاً رأيت رسولَ الله صَلَّى اللهُ

عَلَيْهِ وَسَلَّمَ يفعله لقولَ أحد من الناس

ثم قال: وهذا الحديثُ يُروى عن علي من وجوه، وهذا أحسن إسناد يُروى عن علي في ذلك وأرفعه، ولا نعلم أمند ابنُ الزبير عن علي غير هذا الحديث

বাংলা

৭০৭। আবদুল্লাহ ইবনুয যুবাইর বলেন, আল্লাহর কসম, আমরা জুহাফাতে উসমান বিন আফফান (রাঃ)-এর সাথে ছিলাম। তখন তাঁর সাথে হাবিব বিন মাসলামাসহ(মাসেহ) একদল সিরীয় ছিল। উমরা দিয়ে শুরু করে হজ্জ দিয়ে শেষ করার তামাত্তুয়ের বিষয়টি তার সামনে আলোচিত হচ্ছিল। হজ্জ ও উমরা একই সফরে সম্পন্ন করা সম্পর্কে উসমান (রাঃ) বললেনঃ এই দুটো একই হজ্জের মওসুমে না হওয়া উচিত। তোমরা যদি উমরাকে বিলম্বিত কর এবং এই পবিত্র ঘরে দুইবার গমন কর, তাহলে উত্তম হয়। কেননা আল্লাহ সৎ কাজে প্রশস্ততার সৃষ্টি করেছেন। এ সময়ে আলী (রাঃ) বাতনুল ওয়াদীতে তাঁর একটা উটকে ঘাস খাওয়াচ্ছিলেন। উসমান (রাঃ) তাঁর সাথীদেরকে তামাত্তু’ সম্পর্কে যা বলেছেন, তা শুনতে পেয়ে এগিয়ে এলেন এবং উসমান (রাঃ) কে বললেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহিওয়াসাল্লাম যে সুন্নাত চালু করেছেন (একই সফরে হজ্জ ও উমরা উভয়টি সম্পন্ন করার তামাত্তুয়ের সুন্নাত) এবং আল্লাহ তাঁর বান্দাদেরকে যে সুযোগ তাঁর কিতাবে দিয়েছেন, তা কি আপনি নিষিদ্ধ ও সংকুচিত করার ইচ্ছা পোষণ করেছেন? এটা তো দূর থেকে আগত অধিক কর্মব্যস্ত হজযাত্রীদের জন্য একটা সুবিধা ছিল। এরপর আলী (রাঃ) হজ্জ ও উমরার ইহরাম এক সাথে বাঁধলেন। তখন উসমান জনগণকে সম্বোধন করে বললেনঃ আমি কি উমরা করতে নিষেধ করেছি? আমি তো নিষেধ করিনি। ওটা ছিল আমার অভিমত। যে ব্যক্তি চাইবে তা গ্রহণ করবে, যে চাইবে প্রত্যাখ্যান করবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন